Revision Work

বিষয়ঃ বাংলা

পাঠ থেকে জেনে নিই

Revision Work

১। নিচের প্রশ্নগুলোর উত্তর দাওঃ

ক) ঐশি আর ওমর কী বারে বাগানে কাজ করে?

খ) বাগানে কী কী গাছ লাগানো হয়েছে ?

গ) দাদিমা খুশি হয়েছেন কেন ?

ঘ) তুমি তোমার বাগানে কী কী গাছ লাগাবে ?

উত্তরঃ

ক) ঐশি আর ওমর শুক্রবারে বাগানে কাজ করে।

খ) বাগানের এক পাশে ফুল গাছ ও আরেক পাশে নানা রকম সবজি লাগানো হয়েছে।

গ) ঐশি আর ওমর এর বাগান দেখে দাদিমা খুব খুশি হয়েছেন।

ঘ) আমি আমার বাগানে নানা রকম ফুল,ফল ও সবজি গাছ লাগাবো।

২) যুক্তবর্ণগুলো ভেঙে লিখ ও দুটি করে শব্দ লিখঃ

প্র, ক্র, ন্দ, প্ত

উত্তরঃ

প্র = প + র ফলা – প্রথম, প্রতিদিন

ক্র = ক + র ফলা – শুক্রবার, আক্রমণ

ন্দ = ন + দ – সুন্দর, আনন্দ

প্ত = প+ ত – সপ্তাহ, সমাপ্ত

৩) নিচের বানানগুলো শুদ্ধ করে লিখঃ

অলশ, গড়িব, কাঠুড়ে, সীত, চাশ, শুন্দর, সুক্রবার, মিস্টি, কুশুম, সেফালি, সুর্য, লোভি, কুমিঢ়, কিছুক্ষন।

উত্তরঃ

অলস, গরিব, কাঠুরে, শীত, চাষ, সুন্দর, শুক্রবার, মিষ্টি, কুসুম, শেফালি, সূর্য, লোভী, কুমির, কিছুক্ষণ।

Revision Work

Revision Work

বিষয়ঃ বাংলা

ছবির গল্পঃ সুন্দরবন

১। নিচের প্রশ্নগুলোর উত্তর লিখঃ

ক) মৌয়াল কাদেরকে বলে?

খ) সুন্দরবনে কী কী আছে?

গ) সুন্দরবনের বাঘের নাম কী?

ঘ) সুন্দরবনের বানর হরিণকে কী খেতে দেয়?

উত্তরঃ

ক) যারা মধুর চাক কাটেন তাদেরকে বলা হয় মৌয়াল।

খ) সুন্দরবনে নানা রকম গাছ, নানা রঙের পাখি, নদীতে মাছ ও কুমির আছে।

গ) সুন্দরবনের বাঘের নাম রয়েল বেঙ্গল টাইগার।

ঘ) সুন্দরবনের বানর হরিণকে গাছের কচি পাতা ছিঁড়ে খেতে দেয়।

২। ডান ঘরের সাথে বাম ঘরের মিল করঃ

| | |
|---|---|
| ক) সুন্দরবনে আছে | ১) তাদের মৌয়াল বলে। |
| খ) সুন্দরবনের বাঘের নাম | ২) নানা রকম মাছ। |
| গ) নদীতে আছে | ৩) হরিণকে সাবধান করে দেয়। |
| ঘ) বানর বাঘ দেখলে | ৪) নানা রঙের পাখি। |
| ঙ) যারা মধুর চাক কাটেন | ৫) রয়েল বেঙ্গল টাইগার। |

Revision Work

উত্তরঃ

ক) সুন্দরবনে আছে - নানা রঙের পাখি।

খ) সুন্দরবনের বাঘের নাম - রয়েল বেঙ্গল টাইগার।

গ) নদীতে আছে - নানা রকম মাছ।

ঘ) বানর বাঘ দেখলে - হরিণকে সাবধান করে দেয়।

ঙ) যারা মধুর চাক কাটেন - তাদের মৌয়াল বলে।

Revision Work

Revision Work

বিষয়ঃ বাংলা

শীতের সকাল

১। নিচের শব্দগুলোর অর্থ লিখঃ

ক) পোহানো

খ) মিষ্টি

গ) নাশতা

উত্তরঃ

ক) পোহানো – উপভোগ করা

খ) মিষ্টি – মিঠা

গ) নাশতা - সকালের খাবার, হালকা খাবার

২। নিচের শব্দগুলো দিয়ে বাক্য গঠন করঃ

ক) পোহানো

খ) মিষ্টি

গ) নাশতা

উত্তরঃ

ক) পোহানো – দাদা প্রতিদিন সকালে রোদ পোহান।

খ) মিষ্টি – শীতের সকালের রোদ মিষ্টি লাগে।

গ) নাশতা - মা সকালে নাশতা বানান।

Revision

৩। যুক্তবর্ণগুলো ভেঙে লিখ ও দুটি করে শব্দ লিখঃ

ক) চ্ছ

খ) ষ্ট

গ) ণ্ড

ঘ) ন্ন

ঙ) গ্ল

চ) ন্য

উত্তরঃ

ক) চ্ছ = চ + ছ – পোহাচ্ছেন, গুচ্ছ

খ) ষ্ট = ষ + ট – মিষ্টি, কষ্ট

গ) ণ্ড = ণ + ড – ঠাণ্ডা, কাণ্ড

ঘ) ন্ন = ন + ন – রান্না, কান্না

ঙ) গ্ল = গ + ল – গ্লাস, গ্লানি

চ) ন্য = ন + য ফলা – জন্য, অন্য

Work

৪।	ঘরের ভেতরের শব্দগুলো খালি জায়গায় বসিয়ে বাক্য তৈরি করঃ

| | | |
|---|---|---|
| পোহান | মিষ্টি | নাশতা |

ক)	শীতের সকালে রোদ .................................. লাগে।

খ)	অতিথি এলে .................................. দেব।

গ)	নানা প্রতিদিন সকাল বেলা রোদ ..................................।

উত্তরঃ

ক) মিষ্টি,	খ) নাশতা,	গ) পোহান

৫।	নিচের বাক্যগুলোর সত্য মিথ্যা নির্নয় করঃ

ক)	নানার হাতে ম্যাগাজিন।

খ)	শীতের রোদ মিষ্টি হয়।

গ)	শীতে ঘরে বেশ ঠাণ্ডা লাগে।

ঘ)	শরিফা মায়ের জন্য নাশতা আনলো।

ঙ)	ঠাণ্ডা রুটির মজাই আলাদা।

চ)	শরিফা নানাকে ঔষধের কৌটাটা এনে দিল।

ছ)	শরিফা খুশি হয়ে নানাকে জড়িয়ে ধরল।

উত্তরঃ

Revision Work

ক) মিথ্যা, খ) সত্য, গ) সত্য, ঘ) মিথ্যা, ঙ) মিথ্যা, চ) সত্য,

ছ) সত্য

৬। ডান ঘরের সাথে বাম ঘরের মিল করঃ

| | |
|---|---|
| ক) শীতের সকালে | ১) বললেন গরম রুটির মজাই আলাদা। |
| খ) শরিফা গ্লাসে | ২) নানার জন্য নাশতা নিয়ে যাও। |
| গ) নানা নাশতা খেতে খেতে নানা | ৩) রোদ পোহাচ্ছেন। |
| ঘ) মা বললেন | ৪) রোদ মিষ্টি লাগে। |
| ঙ) নানা শরিফার কে নিয়ে | ৫) পানি ঢেলে দিল। |

উত্তরঃ

ক) শীতের সকালে - রোদ মিষ্টি লাগে।

খ) শরিফা গ্লাসে - পানি ঢেলে দিল।

গ) নানা নাশতা খেতে খেতে নানা - বললেন গরম রুটির মজাই আলাদা।

ঘ) মা বললেন - নানার জন্য নাশতা নিয়ে যাও।

ঙ) নানা শরিফার কে নিয়ে - রোদ পোহাচ্ছেন।

Revision Work

৭। নিচের প্রশ্নগুলোর উত্তর দাওঃ

ক) নানার হাতে কী ছিল?

খ) শরিফা কী পড়ছিল?

গ) রান্নাঘর থেকে কার ডাক এল?

ঘ) শরিফা নানার জন্য কী আনল?

ঙ) শীতের সকালের রোদ কেমন হয়?

উত্তরঃ

ক) নানার হাতে খবরের কাগজ ছিল।

খ) শরিফা বই পড়ছিল।

গ) রান্নাঘর থেকে মা এর ডাক এল।

ঘ) শরিফা নানার জন্য নাশতা, খাবার পানি ও গামছা আনল।

ঙ) শীতের সকালের রোদ মিষ্টি হয়।

৮। নিচের বানানগুলো শুদ্ধ করে লিখঃ

ক) কাগঝ – কাগজ

খ) শিত – শীত

গ) মিষ্টী – মিষ্টি

ঘ) ঠান্ডা – ঠাণ্ডা

ঙ) মীঠা – মিঠা

চ) নাসতা – নাশতা

ছ) ওষধ – ঔষধ

জ) কোটা – কৌটা

Revision Work

ঝ) গ্লাষ – গ্লাস

ঞ) খুসি – খুশি

ট) জরিয়ে – জড়িয়ে

Revision
Work

# Revision

# Work

Revision Work

বিষয়ঃ বাংলা

জলপরি ও কাঠুরে

১। নিচের শব্দগুলোর অর্থ লিখঃ

ক) কাঠুরে

খ) কুড়াল

গ) স্রোত

ঘ) দুঃখ

ঙ) কিছুক্ষণ

চ) সততা

ছ) লোভী

উত্তরঃ

ক) কাঠুরে – যে কাঠ কাটে

খ) কুড়াল – কাঠ কাটার হাতিয়ার

গ) স্রোত – জলের ধারা

ঘ) দুঃখ – মনের কষ্ট

ঙ) কিছুক্ষণ – অল্প সময়

চ) সততা – কাযে ও কথায় সৎ থাকা

Revision Work

ছ)	লোভী – অনেক লোভ যার

২।	নিচের শব্দগুলো দিয়ে বাক্য গঠন করঃ

ক)	কাঠুরে

খ)	কুড়াল

গ)	স্রোত

ঘ)	দুঃখ

ঙ)	কিছুক্ষণ

চ)	সততা

ছ)	লোভী

উত্তরঃ

ক)	কাঠুরে – কাঠুরে খুব গরিব ছিল।

খ)	কুড়াল – কাঠুরে কুড়াল দিয়ে কাঠ কাটছিল।

গ)	স্রোত – নদীতে অনেক স্রোত ছিল।

ঘ)	দুঃখ – কুড়ালটি হারিয়ে কাঠুরে দুঃখ পেল।

ঙ)	কিছুক্ষণ – কিছুক্ষণ পর জলপরি উঠে এল।

চ)	সততা – কাঠুরে তার সততার জন্য পুরস্কার পেল।

ছ)	লোভী – লোভী কাঠুরে তার সব হারাল।

Revision Work

৩।  যুক্তবর্ণগুলো ভেঙে লিখ ও দুটি করে শব্দ লিখঃ

ক)  স্র = স + র ফলা – স্রোত, অজস্র

খ)  ক্ষ = ক + ষ – কিছুক্ষণ, শিক্ষা

গ)  ন্ধ = ন + ধ – বন্ধ, গন্ধ

৪।  ঘরের ভেতরের শব্দগুলো খালি জায়গায় বসিয়ে বাক্য তৈরি করঃ

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| সুখে | কুড়াল | লোভী | দুঃখ | সততার | কাঠুরে | হ্যাঁ | কাঁদতে | কিনতে | স্রোত |

ক)  লোকটা .......................................... পেয়ে কাঁদতে লাগিল।

খ)  .......................................... কাঠুরে নিজের কুড়াল ফিরে পেলনা।

গ)  নদীতে খুব.......................................... ছিল।

ঘ)  ..........................................কাঠ কাটতে বনে গেল।

ঙ)  সে .......................................... দিয়ে কাঠ কাটছিল।

চ)  কাঠুরে.......................................... জন্য পুরস্কার পেয়েছে।

ছ)  কাঠুরে উপহার পেয়ে.......................................... দিন কাটতে লাগল।

জ)  কাঠুরে খুব গরিব তাই কুড়াল.......................................... পারলনা।

Revision Work

ঝ)	লোভী কাঠুরে মিছেমিছি ......................................... লাগল।

ঞ)	লোভী কাঠুরে সোনার কুড়াল দেখে ......................................... বলল।

উত্তরঃ

ক) দুঃখ,	খ) লোভী,	গ) স্রোত,	ঘ) কাঠুরে,	ঙ) কুড়াল,	চ) সততার

ছ) সুখে,	জ) কিনতে,	ঝ) কাঁদতে,	ঞ) হ্যাঁ

৫।	নিচের বাক্যগুলোর সত্য মিথ্যা নির্নয় করঃ

ক)	বনে বাস করতো এক বড়লোক কাঠুরে।

খ)	কাঠুরে বনের ধারে কাঠ কাটছিল।

গ)	নদীতে ছিল অনেক স্রোত ও কুমিরের ভয়।

ঘ)	কাঠুরের সততা দেখে জলপরি খুশি হলো।

ঙ)	নদী থেকে উঠে এলো জলপরি।

চ)	লোভী কাঠুরের লোভ দেখে জলপরি খুশি হলো।

উত্তরঃ

ক) মিথ্যা,	খ) মিথ্যা,	গ) সত্য,	ঘ) সত্য,	ঙ) সত্য,	চ) মিথ্যা

৬।	নিচের প্রশ্নগুলোর উত্তর লিখঃ

ক)	কাঠুরে কোথায় কাঠ কাটতে গিয়েছিল?

Revision Work

খ)	কাঠুরে কাঁদতে লাগল কেন?

গ)	জলপরি প্রথমে কোন কুড়াল আনল?

ঘ)	জলপরি কাঠুরের উপর খুশি হলো কেন?

ঙ)	লোভী কাঠুরের উপর জলপরি খুব রাগ হলো কেন?

চ)	লোভী কাঠুরে জলপরির কাছ থেকে কী শিক্ষা পেল?

উত্তরঃ

ক)	কাঠুরে নদীর ধারে কাঠ কাটতে গিয়েছিল।

খ)	কাঠুরে তার কুড়ালটি হারিয়ে কাঁদতে লাগল।

গ)	জলপরি প্রথমে সোনার কুড়াল আনল।

ঘ)	কাঠুরের সততা দেখে জলপরি কাঠুরের উপর খুশি হলো।

ঙ)	লোভী কাঠুরের মিথ্যা শুনে তার উপর জলপরি খুব রাগ হলো।

চ)	লোভী কাঠুরে জলপরিরকাছ থেকে কী শিক্ষা পেল যে, লোভ করা ভালো না।

৭।	ডান ঘরের সাথে বাম ঘরের মিল করঃ

| | |
|---|---|
| ক) এক বনে বাস করত | ১) জলপরি খুশি হল। |
| খ) কাঠুরের সততা দেখে | ২) কাঁদতে লাগল। |
| গ) জলপরি টুপ করে | ৩) কাঠ কাটছিল। |
| ঘ) একদিন কাঠুরে নদীর ধারে | ৪) নদীতে ডুব দিল। |
| ঙ) মনের দুঃখে কাঠুরে | ৫) এক গরিব কাঠুরে। |

Revision Work

উত্তরঃ

ক) এক বনে বাস করত - এক গরিব কাঠুরে।

খ) কাঠুরের সততা দেখে - জলপরি খুশি হল।

গ) জলপরি টুপ করে - নদীতে ডুব দিল।

ঘ) একদিন কাঠুরে নদীর ধারে - কাঠ কাটছিল।

ঙ) মনের দুঃখে কাঠুরে - কাঁদতে লাগল।

Revision Work

Revision Work

বিষয়ঃ বাংলা

আমাদের দেশ

Revision

১) নিচের শব্দগুলোর অর্থ লিখঃ

ক) শেফালি

খ) হেলা

গ) বেলা

ঘ) চাষা

ঙ) ফলে

উত্তরঃ

ক) শেফালি – এক ধরনের ফুল

খ) হেলা – অবহেলা

গ) বেলা – সময়

ঘ) চাষা – চাষি, যিনি চাষ করেন

ঙ) ফলে – জন্মায়

Work

২। নিচের শব্দগুলো দিয়ে বাক্য গঠন করঃ

ক) শেফালি

খ) হেলা

গ) বেলা

ঘ) চাষা

ঙ) ফলে

উত্তরঃ

ক) শেফালি – শেফালি ফুল দিয়ে মালা গাঁথি।

খ) হেলা – কাজে হেলা করা ঠিক না।

গ) বেলা – মা সারা বেলা কাজ করেন।

ঘ) চাষা – চাষা ভাই মাঠে কাজ করেন।

ঙ) ফলে – খেতে সোনার ফসল ফলে।

৩। ঘরের ভেতরের শব্দগুলো খালি জায়গায় বসিয়ে বাক্য তৈরি করঃ

| | | |
|---|---|---|
| শেফালি | হেলা | বেলা |

ক) কোন কাজকে ..................................করবনা।

খ) সারা .................................. খেলা করোনা।

গ) .................................. ফুল দিয়ে মালা গাঁথা।

উত্তরঃ

Revision Work

ক) হেলা,  খ) বেলা,  গ) শেফালি

৪। সঠিক শব্দ বসিয়ে বাক্য তৈরি কর:

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| চাষিভাই | গরু | রাখাল | খেত | রিকশাচালক | নদী | জেলে | তাঁতি | মাঝি |

ক) .................................. মাঠে চরে।

খ) .................................. চাষ করেন।

গ) ..................................বয়ে যায়।

ঘ) ..................................ভরা ধান।

ঙ) ..................................বাঁশি বাজান।

চ) ..................................নৌকা চালান।

ছ) ..................................রিক্সা চালান।

জ) ..................................কাপড় তৈরি করেন।

ঝ) ..................................মাছ ধরেন।

উত্তরঃ

ক) গরু,  খ) চাষিভাই,  গ) নদী,  ঘ) খেত,  ঙ) রাখাল,  চ) মাঝি,

ছ) রিকশা চালক,  জ) তাঁতি,  ঝ) জেলে

Revision Work

৫।	নিচের বাক্যগুলোর সত্য মিথ্যা নির্ণয় করঃ

ক)	সোনার ফসল দেখে সকলের মুখে দুঃখ।

খ)	রাখাল কাজে হেলা করে।

গ)	জেলেরা মেঘের ছায়ায় মাছ ধরে।

ঘ)	সবুজ ঘাসের বুকে বকুলের হাসি

ঙ)	মাঠে মাঠে ছাগল চরে।

উত্তরঃ

ক) মিথ্যা,	খ) মিথ্যা,	গ) সত্য,	ঘ) মিথ্যা,	ঙ) মিথ্যা

৬।	নিচের প্রশ্নগুলোর উত্তর দাওঃ

ক) গরু কোথায় চরে?

খ) রাখাল কী করেন?

গ) চাষি ভাই কী করেন?

ঘ) জেলে ভাই কী করেন?

ঙ) সকলের মুখে হাসি কেন?

উত্তরঃ

ক) গরু মাঠে চরে।

Revision Work

খ) রাখাল বাঁশি বাজায়।

গ) চাষি ভাই চাষ করেন।

ঘ) জেলে ভাই মাছ ধরেন।

ঙ) খেত ভরা ধান দেখে সকলের মুখে হাসি।

Revision

৭। কবির নাম সহ " আমাদের দেশ" কবিতাটি ১০ লাইন মুখস্ত লিখ।

উত্তরঃ বই

Work

Revision
Work

উত্তর পত্র